অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/6/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

আবাসন পাওয়ার সুযোগ বৃদ্ধি করতে গভর্নর কুওমো অর্থ বছর 2020 এর নির্বাহী বাজেটে (2020 EXECUTIVE BUDGET) ব্যাপক প্রস্তাবনা রাখলেন

প্রস্তাবনায় যেসব ভাড়াটিয়া সেকশন 8 এর আবাসন পছন্দের ভাউচার (Section 8 Housing Choice Vouchers), সাবেক সৈনিক সুবিধা বা অন্যান্য বেতন-নয় এমন বৈধ আয়ের উৎস ব্যবহার করে বাড়িভাড়া দেয় তাদের প্রতি বৈষম্য বেআইনি করা হবে

আবাসন পাওয়ার প্রতি প্রতিবন্ধকতা কমাতে নিরাপত্তা আমানত সীমাবদ্ধ করা হবে

পরিবারগুলিকে ক্রেডিট গঠনে সাহায্য করবে এবং পূর্ণাঙ্গিক ক্রেডিট স্কোর মূল্যায়ন করবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজকে ঘোষণা করলেন যে তার অর্থ বছর 2020 এর নির্বাহী বাজেটে আবাসন পাওয়ার সুযোগ বৃদ্ধি করতে একটি ত্রিমুখী প্রস্তাবনা অন্তর্ভুক্ত থাকবে। প্রস্তাবনায় থাকবে এমন বিধান যা ভাড়াটিয়াদের আয়ের উৎসের উপর ভিত্তি করে তাদের প্রতি বৈষম্য নিষিদ্ধ করে, পুরো স্টেটে নিরাপত্তা আমানতের পরিমাণ সর্বোচ্চ এক মাসের ভাড়ায় সীমাবদ্ধ করে, এবং স্টেট-অর্থায়িত আবাসনের ক্ষেত্রে সম্ভাব্য ভাড়াটিয়াদের দুর্বল ক্রেডিট রেটিং এর কারণে তাদের প্রথমেই বাতিল করে দেওয়া থেকে অপারেটরদের প্রতিহত করবে। সাশ্রয়ী আবাসন তৈরি ও রক্ষায়, ন্যায্য আবাসন আইন (Fair Housing Act) প্রণয়নে, এবং নিউ ইয়র্কে গৃহহীনতা সমস্যার সমাধানে গভর্নরের নজিরবিহীন 20 বিলিয়ন মার্কিন ডলার মূল্যের অঙ্গীকারের এটি সর্বশেষ ধাপ।

"প্রত্যেক নিউ ইয়র্কবাসীর অধিকার রয়েছে একটি নিরাপদ, সাশ্রয়ী ও নিশ্চিত স্থানকে নিজের বাড়ি বানানোর, কিন্তু অনেক বেশি সংখ্যক বাড়ির মালিক বৈষম্য করে এবং স্বেচ্ছাচারী অনুশীলন করে যার ফলে আবাসনের ক্ষেত্রে অপ্রয়োজনীয় প্রতিবন্ধকতা তৈরি হয়", **গভর্নর কুওমো বলেন।** "এই ব্যবস্থাগুলি এই সব অনুশীলনকে চিরতরে শেষ করে দিবে এবং সর্বাপেক্ষা দুঃস্থ কিছু নিউ ইয়র্কবাসীর জন্য সাশ্রয়ী আবাসনের সুযোগ বৃদ্ধি করবে।"

"আমরা নিশ্চিত করতে চাই যে সকল নিউ ইয়র্কবাসীর যেন সাশ্রয়ী, মানসম্পন্ন আবাসন পাওয়ার সুযোগ থাকে", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "উপার্জন সীমাবদ্ধতার কারণে কারো প্রতি বৈষম্য করা উচিত নয়, এবং এই প্রস্তাবনাটি নিশ্চিত করবে যে বাড়ির মালিকরা যাতে ভাড়াটিয়াদের সরাসরি ফিরিয়ে না দেয়। আমরা নিউ ইয়র্ক স্টেটে পরিবারগুলিকে থাকতে এবং বিকশিত হতে সাহায্য করার জন্য এবং পুরো স্টেটে সাশ্রয়ী আবাসন সুযোগ বৃদ্ধি করার জন্য অঙ্গীকারবদ্ধ।"

আয়ের উৎস সুরক্ষা সবার জন্য ন্যায্য আবাসন সমর্থন করে

এই প্রস্তাবনাটি আয়ের উৎসের জন্য বৈষম্যের সাথে লড়াই করে এবং যেসব বাড়ির মালিক আবেদনকারীদের তাদের বৈধ আয়ের উৎসের ভিত্তিতে প্রত্যাখ্যান করে তাদের সমস্যায় সমাধান করে। এই মুহূর্তে, স্টেটের কিছু কিছু স্থানে স্থানীয়ভাবে আয়ের উৎসের সুরক্ষা নেই। বর্তমানে, এই বাড়ির মালিকেরা সেকশন 8 আবাসন পছন্দের ভাউচার, সম্পূরক নিরাপত্তা আয় (Supplemental Security Income), সামাজিক নিরাপত্তা অক্ষমতা (Social Security Disability), সাবেক সৈনিক সুবিধা, এবং অন্যান্য সরকারি সাহায্য বা বৈধ বেতন-নয় এমন উপার্জনসহ নিম্ন আয়ের পরিবারগুলিকে নিরাপদ ও সাশ্রয়ী আবাসন পেতে দিচ্ছে না। ফলে, কোনো ধরনের সম্পূরক উপার্জনসহ 650,000 নিউ ইয়র্কবাসী, যাদের অনেকেই গৃহ নির্যাতনের শিকার, সাবেক সৈনিক, বৃদ্ধ, ও প্রতিবন্ধী, প্রায়ই এমন বাড়ির মালিক খুঁজে বের করতে পারছে না যারা বেতন নয় এমন উপার্জন গ্রহণ করে এবং তারা আশ্রয়কেন্দ্র ও জনবহুল এলাকায় নিম্নমানের আবাসনে বেশি সময় অতিবাহিত করে।

গভর্নরের প্রস্তাবনাটি নিউ ইয়র্ক স্টেটের মানবাধিকার আইন (New York State Human Rights Law) সংশোধন করে পুরো স্টেটে বৈধ উৎসের আয়ের ভিত্তিতে বৈষম্য নিষিদ্ধ করবে, এটি নিশ্চিত করবে যে আয়ের উৎস যাতে আবাসনের প্রতি সরাসরি প্রতিবন্ধকতা না হয়, গৃহহীনতার সাথে লড়াই করবে, এবং নিউ ইয়র্কের পরিবারগুলির জন্য স্থিতিশীলতা বৃদ্ধি করবে। প্রস্তাবনাটি সবার জন্য ন্যায্য আবাসন নিশ্চিত করতে নিউ ইয়র্কের অঙ্গীকার আরেকবার নিশ্চিত করে।

আবাসনের প্রতিবন্ধকতা দূর করতে নিরাপত্তা আমানত সীমাবদ্ধ করা

একটি অ্যাপার্টমেন্ট ভাড়া নেওয়া অনেক বেশি নিউ ইয়র্কবাসীর জন্য নিষেধাজ্ঞামূলকভাবে ব্যয়বহুল, অনিয়মিত এবং অযৌক্তিক অনেক বড় নিরাপত্তা জামানত সেই সব কর্মজীবী পরিবারকে সামঞ্জস্যহীনভাবে দণ্ডিত করে যারা জীবিকার জন্য প্রতি মাসের আয়ের উপর নির্ভরশীল। প্রায়ই দেখা যায়, বাড়ির মালিকেরা নিরাপত্তা আমানত, প্রথম মাসের ভাড়া এবং বিগত মায়ের ভাড়া লীজের সময় নিয়ে থাকে। গভর্নরের প্রস্তাবনার ফলে বাড়ির মালিকেরা শুধু নিরাপত্তা জামানত ও প্রথম মাসের ভাড়া নিতে পারবে। প্রস্তাবনাটি অত্যধিক নিরাপত্তা জামানত প্রতিহত করে এবং থাকার জন্য সাশ্রয়ী স্থান খুঁজছে এমন মানুষের জন্য একটি বড় বাঁধা দূর করে।

ক্রেডিট স্কোরের হোলিস্টিক্যাল মূল্যায়ন

দুর্বল ক্রেডিট ইতিহাস বা কম ক্রেডিট স্কোরের অনেক নিউ ইয়র্কবাসীকে বাড়ির মালিকেরা সরাসরি অন্যায্যভাবে বাড়ি পাওয়া থেকে বঞ্চিত করে, এবং আবেদনকারীর বর্তমান অবস্থা না জেনেই তার আবেদন প্রত্যাখ্যান করে দেয়। এর ফলে নিম্ন আয়ের পরিবার, অভিবাসী, সাদা নয় এমন মানুষ, এবং গৃহ নির্যাতনের শিকার মানুষ অসামঞ্জস্যহীনভাবে প্রভাবিত হয় এবং প্রায়ই তাদের লীজ শুধু তাদের ক্রেডিট ইতিহাসের উপর ভিত্তি করে প্রত্যাখ্যান করে দেওয়া হয়।

সকল নিউ ইয়র্কবাসীর মাথার উপর ছাদ থাকবে তা নিশ্চিত করতে, গভর্নরের প্রস্তাবনা স্টেট-অর্থায়িত আবাসনের অপারেটরদের দুর্বল ক্রেডিট ইতিহাসের ভিত্তিতে আবেদন প্রত্যাখ্যান করতে নিষেধ করে এবং এর পরিবর্তে অনুরোধ করে যে ভাড়া দিতে পারার ক্ষমতা নির্ণয় করার জন্য যাতে পরিস্থিতি পূর্নাঙ্গিক মূল্যায়ন করা হয়। সময়ের সাথে, হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal, HCR)

কাজ করবে স্টেট-অর্থায়িত ভাড়া দেওয়ার আবাসন নির্মাতাদের সাথে, যাতে কোনো খরচ ছাড়া ভাড়াটিয়াদের বাড়িভাড়া পরিশোধ ক্রেডিট ব্যুরোতে পাঠানো যায়, যার ফলে ভাড়াটিয়ারা ক্রেডিট ইতিহাস গঠন করতে পারবে।

নিউ ইয়র্ক স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউয়াল কমিশনার রুথঅ্যান ভিসনাউসকাস বলেছেন, "আয়ের উৎসের ভিত্তিতে বৈষম্য নিষিদ্ধ করা, নিরাপত্তা আমানত সীমাবদ্ধ করা, এবং একটি নিরাপদ, সাশ্রয়ী আবাসন পেতে খারাপ ক্রেডিট ইতিহাসকে প্রতিবন্ধকতা সৃষ্টি করতে না দেওয়ার ফলে নিউ ইয়র্ক স্টেটে একটি ন্যায্যতর আবাসন বাজার তৈরি হবে। সকল নিউ ইয়র্কবাসী যাতে আমাদের বিকাশমান অর্থনীতিতে অংশ নিতে পারার সুযোগ পায় তার জন্য আবাসন প্রতিবন্ধকতা দূর করার উপায় খুঁজে বের করার অব্যাহত চেষ্টার জন্য আমি গভর্নর কুওমোর প্রতি কৃতজ্ঞ।"

মার্কিন সেনাবাহিনীর সাবেক কর্মী, নিউ ইয়র্ক শহরের সাবেক সৈন্য জোটের (NYC Veterans Alliance) প্রতিষ্ঠাতা পরিচালক ক্রিস্টেন এল. রাউজ বলেন, "নিউ ইয়র্ক শহরে, আমরা সাবেক সৈনিক ও তাদের পরিবারের কাছ থেকে এমন অনেক বেশি কাহিনী শুনতে পাই এমন সব বাড়ির মালিকের ব্যাপারে যারা সাবেক সৈনিকদের শিক্ষাগত সুবিধা, অক্ষমতা ক্ষতিপূরণ, পেনশন, আবাসন সহায়তা, বা দেশের প্রতি তাদের সেবার ভিত্তিতে উপার্জিত বা প্রদত্ত অন্য সুবিধার দ্বারা উপার্জন গ্রহণ করে না বা বুঝে না। আমরা নিউ ইয়র্ক শহরের আইনে এই বিষয়টি আনাতে কাজ করেছি, কিন্তু লড়াই এখনো আরো অনেক বাকি। নিউ ইয়র্ক স্টেটের আইনে এই অতি জরুরি সংযোজন সেইসব বাড়ির মালিককে জবাবদিহি করাবে যারা আয়ের উৎসের জন্য সাবেক সৈনিক ও তাদের পরিবারকে আবাসন প্রদানে অস্বীকার করে। এই গুরুত্বপূর্ণ ব্যাপারে গভর্নর কুওমোর নেতৃত্বকে আমরা সাধুবাদ জানাই।"

হাউজিং অপর্চুনিটিজ মেড ইকুয়াল ইনকর্পোরেশন (Housing Opportunities Made Equal, Inc.) এর নির্বাহী পরিচালক ডিআনা ইজন বলেন, "আর্থ-সামাজিক অসমতা যা আমাদের কমিউনিটির ক্ষতি করে তা হ্রাস করতে আমরা সত্যিই গভর্নর কুওমোর প্রচেষ্টার প্রশংসা করি। প্রস্তাবনাটি নিউ ইয়র্ক স্টেটের মানুষের প্রতি গভর্নরের অঙ্গীকার প্রদর্শন করে, সাশ্রয়ী আবাসন এবং ন্যায্য আবাসন আইন প্রণয়ন শুধুই একটি ধারণা নয়, এটি একটি অগ্রাধিকার।"

নিউ ইয়র্ক শহরের আইনি সেবার (Legal Services NYC) লিটিগেশন পরিচালক এডওয়ার্ড জোসেফন বলেন, "আয়ের উৎসের ভিত্তিতে বৈষম্য এবং অনুপযুক্ত ক্রেডিট স্ক্রিনিং হাজার হাজার কর্মজীবী নিউ ইয়র্কবাসীকে তাদের অতি প্রয়োজনীয় সাশ্রয়ী আবাসন পেতে বিরত রাখে। পুরো নিউ ইয়র্ক স্টেটে আবাসন সুযোগ পাওয়ার প্রতিবন্ধকতা দূর করতে গভর্নর কুওমোর প্রচেষ্টাকে নিউ ইয়র্ক শহরের আইনি সেবা সাধুবাদ জানাচ্ছে।"

ন্যায্য আবাসন ন্যায়বিচার কেন্দ্রের (Fair Housing Justice Center) নির্বাহী পরিচালক ফ্রেড ফ্রেইবার্গ বলেন, "আমরা গভর্নর কুওমোর বাজেট বিল উদ্যোগকে জোরালোভাবে সমর্থন করছি যা সমন্বিতভাবে আয়ের উৎসের ভিত্তিতে বৈষম্য দূর করবে, বাড়ির মালিকেরা ভাড়াটিয়াদের কাছ থেকে নিতে পারা নিরাপত্তা আমানতের পরিমাণ সীমাবদ্ধ করবে এবং দুর্বল ক্রেডিট রেকর্ডসহ ভাড়াটিয়াদের স্টেট-অর্থায়িত আবাসন পেতে সমঅধিকার প্রদান করবে। এইসব ন্যায্য আবাসন উদ্যোগ সেইসব প্রতিবন্ধকতা অপসারণ করবে যা বর্তমানে নিউ ইয়র্কের সর্বাপেক্ষা দুঃস্থ ও প্রান্তিক অধিবাসীদের আবাসন পাওয়া থেকে বিরত রাখছে।"

এন্টারপ্রাইজ কমিউনিটি পার্টনারস (Enterprise Community Partners) এর নিউ ইয়র্ক মার্কেট লিডার ও ভাইস প্রেসিডেন্ট জুডি কেন্ডে বলেন,"এন্টারপ্রাইজ খুবই আনন্দিত যে গভর্নর কুওমো নিউ ইয়র্কে আয়ের উৎস সুরক্ষার ব্যাপারে নেতৃত্ব দিচ্ছেন, এবং নিউ ইয়র্কে আয় পক্ষপাত নিষিদ্ধ করুন (Ban Income Bias NY) ক্যাম্পেইনের সাথে আমরা তার নেতৃত্বের জন্য তাকে ধন্যবাদ জানাচ্ছি। আয়ের উৎসের ভিত্তিতে বৈষম্য পুরো স্টেটে একটি মারাত্মক সমস্যা যা নিম্ন আয়ের পরিবারগুলিকে, সাবেক সৈনিকদের, প্রতিবন্ধীদের, বয়স্কদের এবং আরো অনেককে সাশ্রয়ী আবাসন পাওয়া থেকে বিরত রাখে। নিউ ইয়র্কে আবাসন বৈষম্য বেআইনি করে আরো বেশি মানুষ যাতে সামর্থ্যের মধ্যে তাদের পছন্দের কমিউনিটিতে থাকতে পারে এটি নিশ্চিত করার জন্য স্টেটের মানবাধিকার আইন পরিবর্তন করা অতি জরুরি।"

ওয়েস্টচেস্টার আবাসিক সুযোগ, ইনকর্পোরেশন (Westchester Residential Opportunities, Inc.) এর নির্বাহী পরিচালক মারলিন জারফেস বলেন, "ওয়েস্টচেস্টার আবাসিক সুযোগ, ইনকর্পোরেশন অন্য যেকোনো সুরক্ষিত শ্রেণীর তুলনায় সেকশন 8 ভাউচারধারীর প্রতি বৈষম্যের ব্যাপারে বেশি অভিযোগ পায়। এই বৈষম্য নিম্ন যায় ও প্রতিবন্ধীদের জন্য আবাসনের লভ্যতা উল্লেখযোগ্য পরিমাণ সীমাবদ্ধ করে দেয়। যদিও ওয়েস্টচেস্টার আয়ের উৎস বিধান জারি করেছে যেখানে ভাউচারধারীদের জন্য সুরক্ষা অন্তর্ভুক্ত, কিন্তু আইনটি বাড়ির আকার দ্বারা সীমাবদ্ধ এবং কো-অপ বা কন্ডোর জন্য প্রযোজ্য নয়। সেকশন 8 ভাউচারধারীর সেকশন 8 এর সহায়তা থেকে পূর্ণ সুবিধা পাওয়ার জন্য পুরো স্টেটে উল্লেখযোগ্য সীমাবদ্ধতা ছাড়া বিধা জরুরিভাবে প্রয়োজন। এ ধরনের সুরক্ষা প্রদান আমরা জোরালোভাবে সমর্থন করি।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন